



তথ্য ও সংস্কৃতি বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার

রবীন্দ্র সদন

হেরাসিম্ লেবেদেফ্ সরণি, কলকাতা-৭০০০৭১

নং : ৩৭/র.স./আই.সি.এ.

তারিখ : ২ ফেব্রুয়ারি ২০২৬

বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণকে জানানো হচ্ছে যে, তথ্য ও সংস্কৃতি বিভাগের উদ্যোগে আগামী ২৫ বৈশাখ ১৪৩৩ থেকে ৯ জ্যৈষ্ঠ ১৪৩৩ (ইং ৯ মে থেকে ২৪ মে ২০২৬) পর্যন্ত 'রবীন্দ্র-জন্মোৎসব-২০২৬' যথাযথ মর্যাদায় উদযাপন করা হবে। এই অনুষ্ঠানে অংশগ্রহণে ইচ্ছুক শিল্পী (একক সংগীত/ একক আবৃত্তি/ একক নৃত্য/ সঞ্চালনা/ সম্মেলক সংগীত/ গীতি-আলেখ্য/ নৃত্যনাট্য/ নৃত্য-আলেখ্য/ সম্মেলক আবৃত্তি) নিম্নবর্ণিত নির্দেশিকা অনুযায়ী ২ ফেব্রুয়ারি ২০২৬ থেকে ৯ ফেব্রুয়ারি ২০২৬ (প্রতিদিন বেলা ১টা থেকে বিকাল ৫টা পর্যন্ত)-এর মধ্যে পেনড্রাইভ-সহ (ফেরৎযোগ্য) আবেদনপত্র প্রশাসন আধিকারিক, রবীন্দ্রসদন, হেরাসিম্ লেবেদেফ্ সরণি, কলকাতা-৭০০০৭১ নিকট জমা দিতে পারেন। একজন শিল্পী/ সংস্থা কেবলমাত্র একটি ক্যাটাগরিতেই আবেদন করতে পারবেন। এছাড়া kabipakhya2026@gmail.com এই ই-মেল আইডি-তেও নিম্নলিখিত নিয়মানুসারে আবেদন করতে পারবেন।

আবেদনপত্রের সঙ্গে জমা দেওয়ার জন্য :

১. একক সংগীতের ক্ষেত্রে একটি মাত্র যন্ত্রানুষঙ্গ ব্যবহার করে একটি গান।
২. আবৃত্তিকারদের ক্ষেত্রে একটি কবিতা যন্ত্রানুষঙ্গ ব্যতীত।
৩. সম্মেলক সংগীতের ক্ষেত্রে একটি মাত্র যন্ত্রানুষঙ্গ ব্যবহার করে একটি গান।
৪. সঞ্চালনার ক্ষেত্রে অনুষ্ঠানের সঞ্চালনার অডিও রেকর্ডিং অনধিক ৫ মিনিট।
৫. নৃত্য, নৃত্যনাট্য, নৃত্য-আলেখ্যের ক্ষেত্রে অনধিক ৫ মিনিটের ভিডিও ক্লিপিংস।
৬. সম্মেলক আবৃত্তি অনুষ্ঠানের ক্ষেত্রে অনধিক ৫ মিনিটের অডিও রেকর্ডিং জমা দিতে হবে।
৭. সম্মেলক সংগীত/ গীতি-আলেখ্য/ সম্মেলক আবৃত্তি/ নৃত্যনাট্য/ নৃত্য-আলেখ্য—এই সকল ক্যাটাগরিতে আবেদনকারী সংস্থাদের অবশ্যই কোন বিষয়ের ওপর অনুষ্ঠান করতে চান, পরিচালকের নাম-সহ অনুষ্ঠানের বিষয় উল্লেখ করতে হবে।
৮. যে-সকল সংস্থা সম্মেলক সংগীত/ গীতি-আলেখ্য/ সম্মেলক আবৃত্তি/ নৃত্যনাট্য/ নৃত্য-আলেখ্য ক্যাটাগরিতে অংশগ্রহণ করতে চান, তারা অবশ্যই তাদের সংস্থার নিজস্ব লেটারহেড প্যাডে উপরের বয়ানে আবেদন করতে হবে।

বি.দ্র. : কোনো শিল্পী/সংস্থা যে-কোনো একটি পদ্ধতিতেই (অফ-লাইন/ অন-লাইন) আবেদন করতে পারবেন। একই সঙ্গে অফ-লাইন ও অন-লাইনে আবেদন করলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

আবেদনসম্বন্ধে,

(প্রদীপ কুমার সরকার)

প্রশাসন আধিকারিক, রবীন্দ্রসদন

তারিখ : ২ ফেব্রুয়ারি ২০২৬

নং : ৩৭/১(১৫)/র.স./আই.সি.এ.

প্রতিলিপি অবগতি ও নোটিশবোর্ডে প্রচারের জন্য প্রেরণ করা হল :

- (১) সংস্কৃতি অধিকর্তা, তথ্য ও সংস্কৃতি বিভাগ, পঃ বঃ সরকার, নবাম, হাওড়া
- (২) তথ্য অধিকর্তা, তথ্য ও সংস্কৃতি বিভাগ, পঃ বঃ সরকার, নবাম, হাওড়া
- (২) মুখ্য নির্বাহী আধিকারিক, নন্দন, ১/১, আচার্য জগদীশচন্দ্র বোস রোড, কলকাতা-২০
- (৩) অধিকর্তা (সমন্বয়), তথ্য ও সংস্কৃতি বিভাগ, পঃ বঃ সরকার, নবাম, হাওড়া
- (৪) যুগ্ম-তথ্য অধিকর্তা, কলকাতা তথ্যকেন্দ্র, ১/১, আচার্য জগদীশচন্দ্র বোস রোড, কলকাতা-২০
- (৫) যুগ্ম সংস্কৃতি অধিকর্তা, তথ্য ও সংস্কৃতি বিভাগ, পঃ বঃ সরকার, নবাম, হাওড়া
- (৫) সচিব, পঃবঃ বাংলা আকাদেমি/পঃবঃ কবিতা আকাদেমি/পঃবঃ নাট্য আকাদেমি/পঃ বঃ সংগীত আকাদেমি
- (৬) প্রশাসন আধিকারিক, শিশির মঞ্চ
- (৭) নির্বাহী আধিকারিক, রাজ্য চারুকলা পর্ষদ
- (৮) রেজিস্ট্রার, তথ্য ও সংস্কৃতি বিভাগ, পঃ বঃ সরকার, নবাম, হাওড়া
- (৯) নোটিশ বোর্ড, রবীন্দ্রসদন

প্রশাসন আধিকারিক

রবীন্দ্রসদন

